



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
ট্রাফিক কমার্শিয়াল শাখা
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।

নং-৫৪.০১.২৬০০.০০৭.১৮.১৫.০৪-৫২৭

তারিখঃ ২২ সেপ্টেম্বর ২০২২।

অফিস আদেশ


বিষয়ঃ ২০২২-২০২৩ অর্থবছরে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠপর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত সূচকের ব্যাখ্যা ও মূল্যায়ন প্রক্রিয়া সংক্রান্ত কমিটি গঠন প্রসঙ্গে।

মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য “সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩” জারী করা হয়েছে। উক্ত নির্দেশিকার ক্রমিক নং ১.১ এ ত্রৈমাসিকভিত্তিতে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ প্রশাসনের কর্মকর্তার সমন্বয়ে পরিবীক্ষণ কমিটি গঠনের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা-২০২২-২৩ অনুযায়ী বাংলাদেশ রেলওয়ের নিম্নবর্ণিত কর্মকর্তা সমন্বয়ে ০৪ (চার) সদস্য বিশিষ্ট সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গঠন করা হলো:

(ক)	পরিচালক ট্রাফিক (বাণিজ্যিক), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা	- আহ্বায়ক
(খ)	উপ-পরিচালক (মেকানিক্যাল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা	- সদস্য
(গ)	ডিএসটিই/টেলিকম/সদর, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা	- সদস্য
(ঘ)	উপ-পরিচালক (ইন্টারচেঞ্জ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা	- সদস্য সচিব

গঠিত কমিটি ত্রৈমাসিকভিত্তিতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)’তে অন্তর্ভুক্ত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা-২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক অনুযায়ী নিম্নবর্ণিত কার্য সম্পাদন করবেন:

- ত্রৈমাসিকভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ ;
- সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত পর্যালোচনা ও বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুত ;
- সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ ;
- সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনা ও হালনাগাদকরণ।


২২/০৯/২০২২

(মোঃ আনসার আলী)
উপ-পরিচালক (টিসি)

- বিতরণ: (১) পরিচালক ট্রাফিক (বাণিজ্যিক), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
(২) উপ-পরিচালক (মেকানিক্যাল), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
(৩) ডিএসটিই/টেলিকম/সদর, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
(৪) উপ-পরিচালক (ইন্টারচেঞ্জ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য:

- (১) সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
- (২) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- (৩) অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) ও (আরএস), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- (৪) সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা’কে এ সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ।

সিএসটিই (টেলিকম) এর দপ্তর

২০/৯/২২

২০/৯/২২